

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৯২
সাক্রম, ১৩ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
রূপাইছড়ি ব্লকে বিকাশ শিবির

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি রূপাইছড়ি ব্লকে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। লুধুয়া উচ্চ বিদ্যালয় মাঠে এই শিবিরের আয়োজন করা হয়। ব্লকের পূর্ব লুধুয়া, পশ্চিম লুধুয়া ও চাতকছড়ি ভিলেজকে নিয়ে এই শিবির অনুষ্ঠিত হয়েছে। রূপাইছড়ি বিএসি'র চেয়ারম্যান রাখী ত্রিপুরা শিবিরের উদ্বোধন করেন। শিবিরে সাক্রম মহকুমা প্রশাসন থেকে ৯টি পিআরটিসি, ১৮টি এসটি ও ১৫টি ইনকাম সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে রূপাইছড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে ৪০ জন রোগীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। মৎস্যদপুর থেকে ২ জন মৎস্যচাষীকে মাছের রোগ প্রতিরোধের প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। বনদপুর থেকে এলাকাবাসীর মধ্যে আগর সহ বিভিন্ন অর্থকরি গাছের চারা দেওয়া হয়েছে।
